# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৫৯: কা‘বা ছাড়া অন্য কিছুকে ত্বওয়াফ করা কি বৈধ?

কা'বা ছাড়া অন্য কিছুকে ত্বওয়াফ করা বৈধ নয়। কেননা মহান আল্লাহ কা‘বাকেই ত্বওয়াফ করার জন্য নির্দিষ্ট করে দিয়েছেন, অন্য কিছুকে ত্বওয়াফের অনুমতি তিনি দেন নি। এরশাদ হচ্ছে,

﴿وَلۡيَطَّوَّفُواْ بِٱلۡبَيۡتِ ٱلۡعَتِيقِ ٢٩﴾ [الحج: ٢٩]

“তারা যেন এই সুসংরক্ষিত গৃহের ত্বওয়াফ করে” (হজ্জ ২৯)। এ ত্বওয়াফ দ্বারা যদি জীবিত কিংবা মৃত কোনো ব্যক্তির নৈকট্য লাভ উদ্দেশ্য হয়, তবে তা বড় শির্কের অন্তর্ভুক্ত হয়ে যাবে এবং ত্বওয়াফকারী দ্বীন থেকে বের হয়ে যাবে। কেননা ত্বওয়াফ হচ্ছে ইবাদত। আর আল্লাহ ছাড়া অন্য কারো জন্য ইবাদত করা শির্ক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন